



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারকনং-বশিবো/কলেজ/অনু/২০১৭/৬৩০১

তারিখ : ২২/০২/২০১৭ খ্রি.


বিষয় : ইতিহাস ও যুক্তিবিদ্যা বিষয় প্রাথমিক স্বীকৃতি প্রদান

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্তের আলোকে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৬/০২/২০১৭ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বেগম ফায়জুনুসা মহিলা ডিগ্রী কলেজ, ডাক : বামনা, উপজেলা : বামনা, জেলা : বরগুনা-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তে ইতিহাস ও যুক্তিবিদ্যা বিষয়ে ০১/০৭/২০১১ খ্রি. থেকে ৩০/০৬/২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত প্রাথমিক স্বীকৃতি প্রদান করা হলো।

স্বীকৃতি সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাশ করতে হবে
- ০২। জনবল কাঠামো ২০১০ এর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না এবং নিবন্ধনধারী/ইনডেপেন্ডেন্ট শিক্ষক নিয়োগ করতে হবে
- ০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৪। টিউটোরিয়াল ক্লাশ ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে


২২.০২.১৭
ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ


বেগম ফায়জুনুসা মহিলা ডিগ্রী কলেজ

ডাক: বামনা, উপজেলা: বামনা

জেলা: বরগুনা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০৪। মহাপরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ০৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ০৬। প্রোগ্রামার, বশিবো (পত্রটি অন-লাইনে প্রচারের জন্য)
- ০৭। সংরক্ষণ নথি


২২.০২.১৭